গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

তারিখ : ২৬/০৫/২০২৫ খ্রি.

## ২০২২ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার ফরম পূরণ এর সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষাঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ :

বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | জমাদানের স্থান |
|---|---|---|---|
| ০১ | বাংলা,অর্থনীতি,রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ২৮/০৫/২০২৫ বুধবার | স্ব স্ব বিভাগ সকাল ১০: ০০ থেকে বিকাল ৪ : টা পর্যন্ত |
| ০২ | গণিত, প্রাণিবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, হিসাববিজ্ঞান,ব্যবস্থাপনা | ২৯/০৫/২০২৫ বৃহস্পতিবার | |

১। অনলাইনে আবেদন ফরম পূরণ:
আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:
ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
খ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২২ সালের অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
গ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে 'ঋ' গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় সে সকল পত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
ঘ) ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী C+, 'C' এবং 'D' গ্রেড প্রাপ্ত কোর্সের গ্রেড উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ ০২ (দুই) টি পত্রে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ২০২২ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ থাকবে না।
ঙ) রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না।
চ) শুধুমাত্র ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা বিশেষ ফি প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করে পরীক্ষনা অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবেন না।

## বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট)

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত) | প্রাইভেট |
|---|---|---|---|
| ০১ | বাংলা,অর্থনীতি,রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান,ব্যবস্থাপনা | ৩৫৫০/- | ৩৫৫০/- |
| ০২ | গণিত, প্রাণিবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান | ৪০৭৫/- | |
| ০৩ | সমাজকর্ম | ৩৬৫০/- | |

উল্লেখ্য যে, শুধুমাত্র মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষাথীদের ফি = ১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা

## অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি :

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় |
|---|---|---|---|
| অকৃতকার্য ও গ্রেড উন্নয়ন | = ২২৫০ টাকা | = ২৫০০ টাকা | = ২৭৫০ টাকা |

ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি : নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)"এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশনে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

পরীক্ষার্থীদের জন্য করণীয় : Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে

২৬/৫/২৫
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী
ফেনী সরকারী কলেজ, ফেনী।